



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার নং- ০১/২০১৭

তারিখ : ১৫ নভেম্বর, ২০১৭  
০১ অগস্ত, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
সকল তফসিলী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান  
প্রধান কার্যালয়  
ঢাকা।

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত উন্নয়নে গঠিত পুনঃঅর্থায়ন তহবিল প্রসঙ্গে।**

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পখাত (সিএমএসএমই) উন্নয়নের উদ্দেশ্যে আর্থিক সেবা সম্প্রসারণের জন্য এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ২৪০ মিলিয়ন মার্কিন ডলার সমমূল্যের একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়েছে। কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প খাতে অর্থায়নকারী অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট কর্তৃক জারীকৃত ২৯ জুন ২০১৭ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-২ এ বর্ণিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্পের সংজ্ঞা বা তদপরবর্তীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত এ সম্পর্কিত সংজ্ঞা এ তহবিলের জন্য প্রযোজ্য হবে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করা হবে।

**১) যোগ্য প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান নির্বাচন :**

বাংলাদেশ ব্যাংক এবং এডিবির নীতিমালা অনুযায়ী শুধুমাত্র যোগ্য প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের (কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠান) জন্যই এ তহবিল হতে পুনঃঅর্থায়ন প্রদান করা হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণযুক্ত চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করার জন্য কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠানকে খণ্ড প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করতে হবে:

১.১) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাইরে অবস্থিত সিএমএসএমই খাত এই তহবিল হতে পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে।

১.২) অর্থনৈতিক এবং আর্থিকভাবে উপযুক্ত (Viable) এমন কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প প্রতিষ্ঠানকে প্রকল্প শুরু করার বা সম্প্রসারণ ও আধুনিকীকরণের জন্য প্রদত্ত খণ্ডের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের জন্য বিবেচনা করা হবে।

১.৩) যোগ্য প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সর্বোচ্চ ৯০% প্রকল্প ব্যয় এই তহবিল হতে পুনঃঅর্থায়ন করা হবে।  
সর্বনিম্ন ১০% প্রকল্প ব্যয় উদ্যোক্তার নিজস্ব অর্থায়নে হতে হবে।

১.৪) এ তহবিল হতে যোগ্য কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে প্রদত্ত খণ্ডের বিপরীতে সর্বোচ্চ ১ কোটি টাকা এবং মাঝারী শিল্পের ক্ষেত্রে প্রদত্ত খণ্ডের বিপরীতে সর্বোচ্চ ৩ কোটি টাকা পর্যন্ত পুনঃঅর্থায়ন করা হবে।

১.৫) ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত খণ্ডের মেয়াদ ২ থেকে ৫ বছর হতে হবে। তবে যে ক্ষেত্রে খণ্ডের একটি অংশ (মোট খণ্ডের ৩০% এর অধিক নয়) চলতি মূলধন (Working Capital) হিসেবে ব্যবহৃত হবে এবং যে প্রকল্প ‘মহিলা উদ্যোক্তা’ দ্বারা পরিচালিত সেক্ষেত্রে প্রদত্ত খণ্ডের চলতি মূলধন অংশ ও ‘মহিলা উদ্যোক্তা’ খণ্ডের সম্পূর্ণ অংশের মেয়াদ ১ থেকে ৫ বছর মেয়াদের হতে পারবে।

- ১.৬) এমন প্রকল্পে পুনঃঅর্থায়ন করা হবে যা পরিবেশের জন্য সর্বনিম্ন বা কোনপ্রকার ক্ষতিকর প্রভাব ফেলবে না (এডিবি'র সেফগার্ড পলিসি স্টেটমেন্ট, ২০০৯-এ বর্ণিত 'এ' এবং 'বি' শ্রেণীর ক্ষতিকর প্রভাব সৃষ্টিকারী প্রকল্প পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে না)।
- ১.৭) এডিবি'র সেফগার্ড পলিসি স্টেটমেন্ট, ২০০৯ এর সংযোজনী-৫ এ বর্ণিত সকল প্রকল্প এ পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় অযোগ্য বিবেচিত হবে।
- ১.৮) যে কোন ধরনের অনিয়ম মোকাবেলার উদ্দেশ্যে প্রকল্প পরিচালনার জন্য খণ্ডগ্রহণকারী প্রতিষ্ঠান প্রশাসনিক, আর্থিক, ব্যবসায়িক এবং পরিবেশগত বিষয়সমূহ দক্ষতার সাথে পরিচালনা করা এবং পর্যাপ্ত হিসাব ও তথ্য/উপাত্ত সংরক্ষণ করার বিষয়টি খণ্ড প্রদানের সময় খণ্ড প্রদানকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

## ২) যোগ্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নির্বাচন

এ তহবিল থেকে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করার জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করতে হবে:

- ২.১) প্রত্যেকটি অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএমই খণ্ড বিতরণের নীতিমালা ও স্ট্রাটেজি এবং এসএমই খাতে খণ্ড বিতরণের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
- ২.২) ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার বাইরে এসএমই খণ্ড বিতরণে সক্ষম হতে হবে। যোগ্য ও পর্যাপ্ত কর্মবল, শাখা ও খণ্ড বিতরণ কর্মকাণ্ডের বিস্তৃতি, এসএমই খাতে পর্যাপ্ত খণ্ড বিতরণ ও এর তথ্য, এসএমই খাতে পরামর্শমূলক সেবা প্রদান ইত্যাদি বিষয়ে সক্ষমতা থাকতে হবে।
- ২.৩) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের প্রত্যেকটি রেগুলেশনস, বিশেষতঃ ন্যূনতম ঝুঁকিভর ভিত্তিক মূলধন, ন্যূনতম মূলধন- ঝুঁকিভর ভিত্তিক সম্পদের অনুপাত, আয় স্বীকৃতি, খণ্ড শ্রেণীকরণ, খণ্ড প্রতিশ্রীদাতা, ন্যূনতম এসএমই খণ্ড-মোট খণ্ড অনুপাত এবং মানি লন্ডারিং প্রতিরোধ নীতিমালা যথাযথভাবে পরিপালন করতে হবে।
- ২.৪) প্রত্যেকটি অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের Credit Rating Information and Services Limited কর্তৃক বাংলাদেশ দীর্ঘমেয়াদী জাতীয় রেটিং স্কেল বা এডিবি কর্তৃক গ্রহণযোগ্য অন্য কোন রেটিং এজেন্সি কর্তৃক ন্যূনতম BBB- বা সমমানের ক্রেডিট রেটিং থাকতে হবে এবং তা প্রকল্প চলাকালীন সময়ে বজায় রাখতে হবে।
- ২.৫) প্রত্যেকটি অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের কর্পোরেট গভর্নেন্স বিধিমালা ও নির্দেশনা পরিপালন করতে হবে। এর মধ্যে নিজস্ব করপোরেট গভর্নেন্স উদ্দেশ্য, স্ট্রাটেজি ও পদ্ধতি নির্ধারণ, মূখ্য ব্যবসায়িক ঝুঁকি সনাত্তকরণ, মনিটরিং এবং ব্যবস্থাপনা উন্নয়নের জন্য কর্পোরেট গভর্নেন্স কাঠামো, সকল আইনগত ও বিধি পরিপালন নিশ্চিত করার জন্য যথাযথ পদ্ধতি এবং নীতিমালা অনুযায়ী আর্থিক তথ্য প্রকাশ নিশ্চিতকরণ।
- ২.৬) প্রত্যেকটি অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের খণ্ড ঝুঁকি, সম্পদ-দায় ঝুঁকি ও পরিচালন ঝুঁকি ব্যবস্থাপনার জন্য ম্যানুয়াল ও যথাযথ সক্ষমতা থাকতে হবে।
- ২.৭) এডিবি'র সেফগার্ড পলিসি স্টেটমেন্ট, ২০০৯ অনুসারে প্রকল্পের পরিবেশগত ঝুঁকি সনাত্তকরণ, প্রতিকার এবং মনিটরিং এর জন্য প্রত্যেকটি অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চেকলিস্টসহ পরিবেশ এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণের ব্যবস্থা থাকতে হবে।

## ৩) সুদ হার :

- ৩.১) এ তহবিলের আওতায় অংশগ্রহণকারী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদেয় পুনঃঅর্থায়নের জন্য ৪% হারে সুদহার প্রযোজ্য হবে।
- ৩.২) কুটির, মাইক্রো, স্কুল্য ও মাঝারী শিল্প খাতে খণ্ডদানের সময় অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এ খাতে বাজারে প্রচলিত সুদহারের অধিক সুদ ধার্য করবে না। মহিলা উদ্যোগাদের জন্য এই সুদহার ১০% এর অতিরিক্ত হবে না।
- ৩.৩) সিএমএসএমই খাতে সুদহার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নীতিমালা এ তহবিলের জন্য প্রযোজ্য হবে।

## ৪) আদায় পদ্ধতি:

- ৪.১) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পুনঃঅর্থায়ন নিম্নে বর্ণিত পদ্ধতিতে পরিশোধ্য হবেঃ
- ক. মধ্য-মেয়াদী খণ্ড (সর্বোচ্চ ৩ বছর) : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ০৬ (ছয়) মাস রেয়াতি সময়সহ সমান ঘান্যাসিক কিসিতে সুদসহ পরিশোধ্য।
  - খ) দীর্ঘ মেয়াদী খণ্ড (সর্বোচ্চ ৫ বছর) : পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে ০১ (এক) বছর রেয়াতি সময়সহ সমান ঘান্যাসিক কিসিতে সুদসহ পরিশোধ্য।

## ৫) অন্যান্য নির্দেশনা :

- ৫.১) এ সার্কুলার জারির পরবর্তী সময়ে বিতরণকৃত খণ্ডের ক্ষেত্রেই কেবল এ তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।
- ৫.২) পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত খণ্ডের সম্বন্ধে সম্পর্কে খণ্ড প্রদানকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
- ৫.৩) পুনঃঅর্থায়ন দাবীকৃত প্রকল্প, প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি, হিসাবরক্ষণ, লেনদেন, প্রকল্প এলাকা ইত্যাদি এবং সংশ্লিষ্ট বিষয়ে পুনঃঅর্থায়ন গ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান যে কোন সময় বাংলাদেশ ব্যাংক ও এডিবি পরিদর্শন করতে পারবে।
- ৫.৪) পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অন-লাইনে আবেদন করতে হবে এবং সহায়ক দলিলাদি মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক ব্যাংক ব্যাংকের দাখিল করতে হবে।
- ৫.৫) এ তহবিল ব্যবস্থাপনার সুবিধার্থে অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ এ তহবিলের আওতায় সম্ভাব্য খণ্ড বিতরণ ও তার বিপরীতে প্রয়োজনীয় পুনঃঅর্থায়নের পরিমান সম্পর্কে একটি প্রাকলন ঘান্যাসিক (জুন, ডিসেম্বর) ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করবে।
- ৫.৬) তহবিলের দুই-তৃতীয়াংশ অর্থ কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র শিল্পখাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণ করা হবে। তমধ্যে ১৫% ‘মহিলা উদ্যোজ্ঞ’ পরিচালিত প্রতিষ্ঠান/প্রকল্পের জন্য সংরক্ষিত থাকবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ মহিলা উদ্যোজ্ঞাদেরকে এ তহবিলের আওতায় খণ্ড প্রদানের জন্য কার্যকর প্রচারণা ও উদ্যোগ গ্রহণ করবে। [যে সকল প্রতিষ্ঠান মহিলা মালিকানায় পরিচালিত হবে অথবা রেজিস্ট্রার অব জেনেন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস এর নিকট নিবন্ধিত যে সকল প্রতিষ্ঠানের কমপক্ষে ৫১% শেয়ার মহিলা মালিকানাধীন থাকবে অথবা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পর্যায়ে ৬০% মহিলা কর্মবল থাকবে সে সকল প্রতিষ্ঠান ‘মহিলা উদ্যোজ্ঞ’ প্রতিষ্ঠান বা প্রকল্প হিসেবে বিবেচিত হবে।]
- ৫.৭) তহবিলের এক-তৃতীয়াংশ অর্থ মাঝেরী শিল্পখাতে পুনঃঅর্থায়নের জন্য বিতরণ করা হবে।
- ৫.৮) আলোচ্য তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে এতদুদ্দেশ্যে অংশগ্রহণ চুক্তি, পুনঃঅর্থায়নের আবেদনপত্র ইত্যাদি ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল ইশ্বর)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩৪৩